হরিণাকুণ্ডুতে নানা আয়োজনে প্রাণিসম্পদ প্রদর্শনী মেলা অনুষ্ঠিত

“প্রাণিসম্পদে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে দিনব্যাপী প্রাণিসম্পদ প্রদর্শনী মেলা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৮ এপ্রিল) সকালে উপজেলা প্রাণি সম্পদ কার্যালয় চত্বরে এই মেলার আয়োজন করা হয়।

হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী কর্মকর্তা আক্তার হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রদর্শনী মেলার আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন।

বিশেষ অতিথি হিসেবে পৌর মেয়র ফারুক হোসেনসহ অন্যান্য ইউপি চেয়ারম্যনরা বক্তব্য রাখেন। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ উজ্জল কুমার কুন্ডু। এসময় সমাজসেবা কর্মকর্তা শিউলী রাণী, উপজেলা সহকারী প্রোগ্রামার ওয়াসিকুর রহমান, বিআরডিবি কর্মকর্তা আমজাদ হোসেন সহ উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে আগত খামারীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান সঞ্চালনয়া ছিলেন প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডাঃ সুলতানা বেগম।

আলোচনা সভায় বক্তাগণ বলেন, মানুষের ভাগ্যের পরিবর্তনে কাজ করে যাচ্ছে হরিণাকুণ্ডু’র প্রাণিসম্পদ বিভাগ। প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর সহযোগিতায় উপজেলা প্রাণি সম্পদ দপ্তর ও ভেটেরিনারী হাসপাতালের আয়োজনে প্রদর্শনী মেলায় ৩০ টি স্টলে প্রাণিসম্পদ সংশ্লিষ্ট গাভী, ছাগল, কবুতর, হাঁস-মুরগি, ভেড়া, দুধের ক্রিম সেপারেটর মেশিন, ঘাস চাষ, ঘাস কাটা মেশিন, কৃত্রিম প্রজনন, চিকিৎসা সামগ্রী ও চিকিৎসা বিষয়ক কার্যক্রম প্রদর্শন করা হয়। অনুষ্ঠান শেষে পশুপালনে দক্ষতার পরিচয় দেওয়ায় তিনটি বিষয়ের উপর উপজেলার নয় জন খামারির মাঝে সর্বমোট ৩০,০০০/-

মেহেরপুরে প্রাণিসম্পদ প্রদর্শনী ও পুরষ্কার বিতরণী

“প্রাণিসম্পদে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ এই প্রতিপাদ্যে মেহেরপুরে প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২৪ এর পুরষ্কার বিতরণী ও সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৮ এপ্রিল) দুপুরে লাইভস্টক ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর সহযোগিতায় ও মেহেরপুর সদর উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের বাস্তবায়নে এ পুরস্কার বিতরণী ও সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার কাজী নাজিব হাসানের সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা প্রশাসক মোঃ শামীম হাসান, পুলিশ সুপার এসএম নাজমুল হক,জেলা প্রাণিসম্পদ অফিসার (ভাঃ প্রঃ) ডাঃ মোঃ হারিছুল আবিদ।

প্রদর্শনীতে গরু, ভেড়া, ছাগল, মুরগি, কবুতর, সৌখিন পাখি এবং অন্যান্য প্রাণীর মোট ৪০টি স্টল স্থান পেয়েছে। আলোচনার পরবর্তীতে অংশগ্রহণকারী খামারিদের মাঝে প্রত্যেক ক্যাটাগরি থেকে ১,২,৩ স্থান অধিকারীদের মাঝে সনদ ও পুরস্কার বিতরণ করা হয়।

দামুড়হুদায় প্রাণিসম্পদ প্রদর্শনীর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান

দামুড়হুদায় প্রাণিসম্পদ প্রদর্শনীর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকাল ৪টার সময় উপজেলা চত্বরে অনুষ্ঠানের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

উপজেলা প্রাণী সম্পদ অফিসার তাসলিমা আক্তার এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু। বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা বেগম।

এসময় আরও উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান মনির, আনসার ভিডিপি কর্মকর্তা রাফেজা খাতুন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সমবায় অফিসার হারুন অর রসিদ।

মুজিবনগরে প্রাণিসম্পদ প্রদর্শনী অনুষ্ঠিত

“স্মার্ট লাইভস্টক” “স্মার্ট বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে প্রাণিসম্পদ প্রদর্শনীর -২০২৩ উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠিত হয়েছে।

প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর আয়োজনে মুজিবনগর উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল এর বাস্তবায়নে। শনিবার সকাল সাড়ে ১০ টার সময় রামনগর খেলার মাঠে আয়োজিত হয়।